৫৮/

১৩

দৈনিক ইনকিলাব

তারিখ 28 FEB 1993

পৃষ্ঠা ৮ কলাম ৭

৭৭/

# শিক্ষকদের সমস্যা বিবেচনায় উপদেষ্টা কমিটি গঠিত হচ্ছে

—শিক্ষামন্ত্রী

শিক্ষামন্ত্রী ব্যারিস্টার জমির উদ্দিন সরকার বলেন, শিক্ষক সম্প্রদায়ের বিভিন্ন সমস্যা বিবেচনার জন্য একটি উপদেষ্টা কমিটি গঠন সরকারের সক্রিয় বিবেচনাধীন।

গতকাল জাতীয় শিক্ষক সমিতি ফেডারেশনের এবং শিক্ষক সমিতি ঐক্য ফ্রন্টের নেতৃবৃন্দ শিক্ষামন্ত্রীর সাথে তার সচিবালয়স্থ কার্যালয়ে সাক্ষাৎ করলে তিনি একথা জানান। মন্ত্রী শিক্ষার মান উন্নয়নের জন্য কঠোর প্রচেষ্টা চালানোর জন্য শিক্ষকদের প্রতি আহবান জানান।

শিক্ষক নেতৃবৃন্দ সরকারী ও বেসরকারী স্কুল-কলেজের শিক্ষকদের বিভিন্ন সমস্যা সম্পর্কে মন্ত্রীকে অবহিত করেন। মন্ত্রী ধৈর্য সহকারে তাদের কথা শোনেন এবং সমস্যা সমাধানের আশ্বাস দেন।